

## বীরকন্যা প্রীতিলতার আত্মহুতি দিবস স্মরণ নারীর মর্যাদা প্রতিষ্ঠা এবং নির্যাতন বন্ধের দাবি



বীরকন্যা প্রীতিলতার ৮৮তম আত্মহুতি দিবস উপলক্ষে ২৪ সেপ্টেম্বর মহিলা ফোরামের উদ্যোগে জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন অনুষ্ঠিত।  
রুখশানা আফরোজ আশার সভাপতিত্বে ও মুক্তা বাউড়ের সঞ্চালনায় মানববন্ধনে বক্তব্য রাখেন জুলফিকার আলী, আল কাদেরী জয়, সুস্মিতা মরিয়ম,  
লাবণী বন্যা।

সমাবেশে নেতৃবৃন্দ বলেন, ১৯৩২ সালের ২৪ সেপ্টেম্বর অল্প কয়েকজন সাহসী তরুণ সহযোদ্ধা, বিশাল এক স্বপ্নকে সফল করে পরাক্রমশালী  
সাম্রাজ্যবাদী শোষণক ব্রিটিশ শাসনের পরাধীনতার শৃঙ্খল থেকে ভারতবাসীর মুক্তি সংগ্রামের অংশ হিসেবে সশস্ত্র আক্রমণ পরিচালনা করেন চট্টগামের  
পাহাড়তলী ইউরোপীয়ান ক্লাবে। ‘আমার মৃত্যুতে বহুদিনের সংস্কার ভেঙে খান খান হয়ে যাবে, রক্তাক্ত এই সংগ্রামের পথে হাজারে হাজারে যোগ দেবে  
দেশের বোনেরা, ভাইদের সাথে কাঁধ মিলিয়ে মানবমুক্তির সংগ্রামে যোগ্য ভূমিকা পালন করবে’—এই স্বপ্ন বুকে নিয়ে আত্মহুতি দিয়েছিলেন প্রীতিলতা।  
সফল অভিযান শেষে ফেরার পথে গুলিবিদ্ধ হন। জীবিত ধরা না পড়ার পরিকল্পনা থেকে পটাশিয়াম সায়ানাইট খেয়ে আত্মহুতি দেন।

নেতৃবৃন্দ বলেন, প্রীতিলতাসহ অগ্নিযুগের তেজোদীপ্ত লড়াকু বিপ্লবীদের সংগ্রাম নতুন প্রজন্মের লড়াইয়ের প্রেরণা। প্রীতিলতার সংগ্রামী জীবন থেকে  
শিক্ষা নিয়ে শোষণমুক্তির লড়াই ও নারীর মর্যাদা প্রতিষ্ঠার সংগ্রাম বেগবান করতে হবে।